গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

"মুজিববর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

বিষয় **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিভাগীয় কার্যালয়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩য় ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : সৈয়দ মোঃ নূরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর।

সভার স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

https://us06web.zoom.us/j/83838109047?pwd=Y1FYa09kWUhKR0lwS1BpQXJ4Zzc0UT09

তারিখ ও সময় : ২৭ এপ্রিল ২০২৩, সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ৫টি অংশ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), উদ্ভাবনী কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও ওয়েবপোর্টালে পৃথক সেবাবক্স আপলোড ও হালনাগাদকরণে গুরুত্বারোপ করেন ও সকলকে আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) কে আহবান জানান।

**আলোচ্যসূচি : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিভাগীয় কার্যালয়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩য় ফিডব্যাক**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভায় অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী এপ্রিল/২৩ এর মধ্যে বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩য় ফিডব্যাক সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। তিনি আরো জানান, সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের ওয়েব পোর্টালে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রকাশের নির্দেশনা আছে। ওয়েব পোর্টালসমূহে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রকাশের বিষয়টি অসম্পূর্ণ রয়েছে যা সংশোধনপূর্বক ওয়েব পোর্টালে আপলোড এর বিষয়ে সভায় আলোচনা হয়। তিনি আট বিভাগের পরিচালককে স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিক মূল্যায়ণ প্রতিবেদনের অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরিচালকগণ মূল্যায়ণ প্রতিবেদনের অগ্রগতি সভায় ধারাবাহিকভাবে অবগত করেন।

উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, আগামী অর্থবছর ২০২৩-২৪ এর কর্মপরিকল্পনা প্রস্তুতের ক্ষেত্রে ইতোমধ্যে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, ২০২৩-২৪ প্রকাশিত হয়েছে। বিভাগীয় কর্মপরিকল্পনাসমূহ, নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত সময়ে ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:**

১. বিভাগীয় পোর্টালে সেবাবক্স আপলোড/হালনাগাদকরণ করতে হবে;
২. ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে;
৩. বার্ষিক ক্রয় পরিকল্পনা নির্ধারিত সময়ে ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে;
৪. ওয়েবপোর্টালে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম আপলোড করতে হবে;
৫. শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২২-২৩ অনুযায়ী প্রমাণকসমূহের হার্ডকপি ও সফটকপি (publication@dss.gov.bd)** প্রেরণ করতে হবে;

**বাস্তবায়ন:** পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৫৫০০৭০২২
ই-মেইল: director-admin@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৩.২২. ৬২৮    তারিখ: ২ মে ২০২৩

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়।
০৩। অতিরিক্ত পরিচালক ............................ সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/ গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। সহকারী পরিচালক ....................... সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬। জনাব মোহাম্মদ আছাদুজ্জামান, সমাজসেবা অফিসার (আর.ও ৩) ও এপিএ সমন্বয়কারী, সমাজসেবা অধিদপ্তর।
০৭। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

আদিল মোত্তাকীন
উপপরিচালক
বেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd